

# ONLINE CLASS FOR CBCS II SEMISTER Honours

বিষয়- ছন্দ

আজকের পাঠ- ছেদ ও যতি  
তারিখ- ০৮-০৪-২০২০

ড. অসীম দত্ত  
বিভাগীয় প্রধান  
বাংলা বিভাগ  
বালুরঘাট মহিলা মহাবিদ্যালয়

## ছেদ ও যতি

সাধারণভাবে ছেদ ও যতি সমার্থক। কিন্তু ছন্দশাস্ত্রে শব্দ দুটি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়। নিম্নে ছেদ ও যতি সংজ্ঞা দেওয়ার প্রচেষ্টা করা হল-

ছেদ- কথা বলার সময় বা বাক্য পড়ার সময় অর্থের প্রয়োজনে আমাদের কম বেশি থামতে হয় এই থামাকে বলে ছেদ।

যতি — অর্থের প্রয়োজনে নয়, ধ্বনি প্রবাহের সুসমা রক্ষার জন্য যে বিরতি বা থামা তাই যতি।

কবিতায় ছেদের চেয়ে যতির গুরুত্ব বেশি। কেননা এই যতি বা ছন্দযতির কারণেই কবিতায় ধ্বনি-সুসমা রক্ষিত হয়। এই যতি শব্দের মাঝখানেও পড়তে পারে। আবার ছেদ ও যতি একই সঙ্গে পড়তে পারে।

ছেদ অর্থের প্রয়োজনে বিরতি এবং যতি ছন্দের কারণে বিরতি।

## ছেদেরে প্রকারভেদ

ছেদ বা অর্থযতি তিন প্রকার- হ্রস্বছেদ, মধ্যছেদ ও পূর্ণছেদ।

হ্রস্বছেদ – আংশিক অর্থ প্রকাশের জন্য যে ন্যূনতম বিরতি তাই হ্রস্বছেদ। কমা(,) চিহ্ন দিয়ে হ্রস্বছেদকে বোঝানো হয়। অন্যদিকে ছন্দশাস্ত্রে একটি তারাচিহ্ন(\*) দিয়ে বোঝানো হয়।

পূর্ণছেদ- বাক্যের সামগ্রিক অর্থ প্রকাশের জন্য যে সম্পূর্ণ বিরতি তাই পূর্ণছেদ। এর চিহ্ন একটি ছোট উলম্বরেখা বা দাঁড়ি(|)। ছন্দশাস্ত্রে দুটি তারা চিহ্ন (\*\* ) দিয়ে পূর্ণছেদকে বোঝানো হয়।

মধ্যছেদ— হ্রস্বছেদের চেয়ে বেশি কিন্তু পূর্ণছেদের চেয়ে কম যে বিরতি তাই মধ্যছেদ। এর চিহ্ন সেমিকলন(; )। ছন্দশাস্ত্রে একটি গুণ চিহ্ন × দিয়ে বোঝানো হয়।

## ছেদের দৃষ্টান্ত

প্রিয়জনে যাহা দিতে পাই  
তাই দিই দেবতারে; X আর পাব কোথা! \*\*  
দেবতারে প্রিয় করি, \* প্রিয়েরে দেবতা। \*\*

রবীন্দ্রনাথ ঠাকুর